**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**30 JANUARY 2025 7:45—7:55 PM IST**

==========================================================

১) সমগ্র দেশের সঙ্গে আসামেও জাতির পিতা মহাত্মা গান্ধীর মৃত্যু বার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে জাতীয় শহীদ দিবস পালন । বরাক উপত্যকার তিন জেলায়ও এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

২) রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহলের দুদিনের বরাক উপত্যকা সফরে এসে আজ শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার স্বাস্থ্য পরিষেবা পর্যবেক্ষন ।

এবং

৩) উত্তরাখন্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় ক্রীড়া সমারোহে আসামের উশু খেলোয়াড় সনমা ব্রহ্মের রুপার পদক অর্জন ।

------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে মহাত্মা গান্ধীর ৭৭তম মৃত্যু বার্ষিকী এবং শহীদ দিবস এ আজ জাতির পিতাকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেছে । মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে আজ সকালে নতুন দিল্লীর রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিতে একটি সর্বধর্ম প্রার্থনা সভার আয়োজন করা হয় । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মহাত্মা গান্ধীর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন । উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর ,প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিরোধী নেতা রাহুল গান্ধীও পুষ্পার্ঘ্য অর্পণ করেন ।

আসামের বিভিন্ন স্থানেও আজ জাতির পিতা মহাত্মা গান্ধীর মৃত্যু দিবস পালন করা হয় । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে মহাত্ম গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন । তিনি এক বার্তায় বলেন যে তাঁর আদর্শসমূহ আমাদের সকলের জন্য উন্নয়ন সুনিশ্চিত করার প্রচেষ্টায় সর্বদা পথ দেখাবে ।
এদিকে জাতীয় শহীদ দিবস উপলক্ষ্যে জনতা ভবনে আয়োজিত কার্যসূচীতে ভূমি সংরক্ষণ বিভাগের মন্ত্রী ইউ জি ব্রহ্ম এবং রাজ্যের অতিরিক্ত মূখ্য সচিব সহ শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন । আসাম প্রদেশ কংগ্রেসও গৌহাটীর রাজীব ভবনে জাতীয় শহীদ দিবস পালন করেছে । এই অনুষ্ঠানে জাতীয় কংগ্রেসের প্রবীন নেতা দিগ্বিজয় সিং সহ আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন কুমার বরা ,প্রবীন নেতা রিপুন বরা ,মীরা বরঠাকুর উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়ান দিবসে আজ শহীদ দিবস হিসেবে পালন করা হয়েছে । হাইলাকান্দি জেলায় এ উপলক্ষ্যে আজ সকাল ১১টায় দু মিনিট নীরবতা পালন করে দেশের স্বাধীনতা সংগ্রামে আত্ম-বলিদানকারী শহীদদের স্মরন করা হয়েছে । এই সময়ে জনসাধারন নিজেদের কর্ম ত্যাগ করে , যানবাহন চলাচল বন্ধ রেখে শহীদদের শ্রদ্ধা জানিয়েছেন ।

---

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় শহীদ দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা প্রশাসন থেকে সকাল ১১টায় দু মিনিটের জন্য সব ধরনের কাজকর্ম ও যানবাহন চলাচল বন্ধ রেখে নীরবতা পালন করা হয় । এই সময়কালে সরকারী-বেসরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান , যানবাহন দু মিনিটের জন্য বন্ধ রেখে দেশের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয় ।

কাছাড় জেলায়ও শহীদ দিবস উপলক্ষ্যে অনুরুপ কার্যসূচী গ্রহণ করা হয় ।

---

আসাম সরকার উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলায় মৌনী অমাবস্যার অমৃত স্নানে অংশ নিতে গিয়ে পদপিষ্ঠ হয়ে নিহত হাইলাকান্দির ব্যবসায়ী নীতি রঞ্জন পালের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছে এবং প্রয়াত পালের নিকটাত্মীয়কে ৫ লক্ষ টাকার আর্থিক ক্ষতিপূরণ প্রদান করার আশ্বাস প্রদান করেছে । এদিকে মহাকুম্ভ মেলায় অমৃত স্নানে অংশ নিতে যাওয়া তিনশুকীয়া জেলার দুজন মহিলা সন্ধানহীন রয়েছেন

বলে জানা গেছে ।উল্লেখ্য গতকাল কুম্ভমেলায় পদপিষ্ঠের ঘটনায় আসামের হাইলাকান্দি জেলার একজন সহ ৩০ জনেরও অধিক লোক নিহত হয়েছে বলে জানা গেছে ।

---

আয়ের সঙ্গে সামঞ্জস্যহীন সম্পত্তি রাখার মামলায় গ্রেপ্তার হওয়া রাজ্যের আবগারী বিভাগের সচিব ইন্দ্রেশ্বর কলিতাকে বিশেষ বিচারপতির আদালত দুদিনের জন্য মুখ্যমন্ত্রীর তদারকী কোষের জিম্মায় প্ররণ করেছে । উপার্জন থেকে ৯৫ শতাংশেরও অধিক সম্পত্তি রাখার অভিযোগে তদারকী কোষ অভিযুক্ত কলিতাকে গতকাল গ্রেপ্তার করেছিলো । এরপর আজ সংস্থাটি অভিযুক্তকে বিশেষ বিচারপতির আদালতে হাজির করার পর তাকে হেফাজতে প্রেরণ করতে চেয়েছে । এ অনুসারে আদালত তাকে দুদিনের জন্য মুখ্যমন্ত্রীর তদারকী কোষের জিম্মায় প্রেরণ করেছে ।

---

রাজ্যের স্বাস্থ্য ,পরিবার কল্যাণ ও জলসেঁচ মন্ত্রী অশোক সিংহল আজ শ্রীভূমি জেলা সফর করে স্বাস্থ্য পরিষেবার খোজ খবর নেন ।মন্ত্রী আজ শ্রীভূমি পৌঁছে সিভিল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করে রোগীদের সঙ্গে কথাবার্তা বলেন এবং স্বাস্থ্য পরিষেবার খোঁজ নেন ।মন্ত্রী শ্রী সিংহল হাসপাতালের চিকিৎসা পরিকাঠামোয় ব্যবহৃত বিভিন্ন মেশিন ও ওষুধের মজুত সরজমিনে পরিদর্শন করেন ।এরপর তিনি হাসপাতালের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিভাগের অতিরিক্ত আয়ুক্ত , যুগ্ম সঞ্চালক , হাসপাতাল সুপার সহ অন্যান্য আধিকারীক ও চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।মন্ত্রী শ্রী সিংহল বেলা সাড়ে ১২টায় জেলা আয়ুক্তের সভাকক্ষে পশুপালন , পশু চিকিৎসা ও পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ,দক্ষিণ করিমগঞ্জের বিধায়ক সিদ্দেক আহমেদ , জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদ্বী সহ স্বাস্থ্য বিভাগের কর্মকর্তাদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।বৈঠকে যক্ষ্মা রোগ নিরাময় প্রতিরোধে বিশেষ করে চাবাগান এলাকায় পি এম টি বি এ'র নিক্ষয় মিত্র অভিযানের বর্তমান অবস্থান সম্পর্কে আলোচনা করা হয় ।বৈঠকে মন্ত্রী শ্রী সিংহল গর্ভবতি মহিলা ও শিশু মৃত্যুর বিষয় নিয়ে গুরুত্ব সহকারে আলোচনা করেন এবং এধরণের মৃত্যুর কারণ সম্পর্কে তৎক্ষণাৎ রিপোর্ট করার নির্দেশ দেন ।এধরণের মৃত্যু প্রতিরোধ করতে রাজ্যসরকার বিশেষ গুরুত্ব প্রদান করছে বলে উল্লেখ করে বিভাগীয় আধিকারীক ও কর্মীদের প্রতিটি স্বাস্থ্যসেবা প্রদানকারী এলাকা নিয়মিত পরিদর্শন করতে ও এই বিষয়ে সচেতন থাকার নির্দেশ দেন । মন্ত্রী শ্রী সিংহল জাতীয় বাল স্বাস্থ্য কার্যসূচীর অধীনে রক্তাল্পতায় ভোগা শিশুদের বিষয়ে গুরুত্ব সহকারে ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন ।এছাড়া সভায় প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কার্যসূচীর বাস্তবায়ন , মোবাইল মেডিক্যাল ভ্যানের

মাধ্যমে চিকিৎসা পরিষেবা প্রদান ইত্যাদি বিষয়েও খোঁজ খবর নেন ।বৈঠকে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের আয়ুক্ত সচিব ডঃ পি অশোক বাবু , বিভাগের দ্বায়িত্ব প্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মিনার্ভা দেবী আরামবাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

বরাক উপত্যকা সফরের অংশ হিসেবে আজ বিকেলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহল হাইলাকান্দি এসে এস কে রায় সিভিল হাসপাতাল পরিদর্শন করেন এবং চিকিৎসক ও নার্সদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি ১০০ শয্যা বিশিষ্ট এস কে রায় সিভিল হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড পরিদর্শন করে হাসপাতালের স্বচ্ছতা অক্ষুণ্ন রাখার নির্দেশ দেন  এবং হাসপাতালে মজুত ওষুধপত্রের খোঁজ নেন । পরে এক সাংবাদিক সম্মেলনে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নির্দেশেই  তিনি বরাক উপত্যকার স্বাস্থ্য পরিষেবার খোঁজখবর নিতে এসেছেন বলে জানান । হাইলাকান্দি  সিভিল হাসপাতালে অতিরিক্ত চিকিৎসক ও নার্স নিযুক্ত করা হবে বলেও মন্ত্রী শ্রী সিংহল আশ্বাস দেন ।

---

উত্তরাখন্ডের দেরাদুনে অনুষ্ঠিত ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে উশু খেলোয়াড় সনমা ব্রহ্ম রূপোর পদক অর্জন করেছে ।এদিকে জাতীয় ক্রীড়ার ফুটবলে আসাম জয়ের মাধ্যমে অভিযান আরম্ভ করেছে ।আজ অনুষ্ঠিত গ্রুপ পর্বের খেলায় আসাম গোয়াকে ৩-২ গোলের ব্যবধানে পরাজিত করেছে । উল্লেখ্য ১৮ বছর পর জাতীয় ক্রীড়ায় আসামের ফুটবল দল যোগ্যতা অর্জন করেছে ।

---

রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ বিভাগ এবং গুয়াহাটী ক্রীড়া সংস্থার যৌথ উদ্যোগে আয়োজিত ৭০ তম লোকপ্রিয় গোপিনাথ বরদলৈ ট্রফী প্রতিযোগিতার বরাক মন্ডলের আজকের  কাছাড় জেলায় অনুষ্ঠিত খেলায় রংমাই নাগা ইয়ুথ ক্লাব কল্লোল সংঘকে ৩-১ গোলে পরাজিত করেছে ।অন্য একটি খেলায় মুন লাইট ক্লাব ,ইউ এস এ উধারবন্দ কে ৭-২ গোলে পরাজিত করেছে ।
শ্রীভূমিতে অনুষ্ঠিত খেলায় ইয়ং মেন সিটি ৪-২ গোলের ব্যবধানে বনমালী স্পোর্টস ক্লাবকে পরাজিত করেছে ।অন্য একটি খেলায় রিয়েল মিলান এবং অপরাজেয় ক্লাব গোল শূণ্য ভাবে খেলা সমাপ্ত করে ।

হাইলাকান্দিতে অনুষ্ঠিত খেলায় এন জি ও পেরাডাইজ এবং ভাটিরকোপা ফুটবল ক্লাব পয়েন্ট ভাগাভাগাই করে নেয় ।অন্য একটি খেলায় রয়েল এসোসিয়েশন ৯-১ গোলে রংমাই নাগা ডব্লিউ এ কে পরাজিত করেছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের বার্ষিক ক্রীড়া উৎসবের আজ পুরুষ ও মহিলা বিভাগের এথেলেটিক্স ও ক্রিকেট ম্যাচ সুভাষ নগরের অগ্রনী ক্লাবের মাঠে অনুষ্ঠিত হয়েছে । আজ ছেলে ও মেয়েদের একশ মিটার , দুশ মিটার দৌড় , মেয়ে ও ছেলেদের জেভলিন থ্রো , মেয়ে ও ছেলেদের শটপুট প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া ছেলে ও মেয়েদের ক্রিকেট প্রতিযোগীতা অনুস্টিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের তথ্য ও জনসংযোগ বিভাগের হাইলাকান্দি জেলা কার্য্যলয়ের কর্মী মোহিত কুমার নাথ আজ কর্মজীবন থেকে অবসর নিয়েছেন । শ্রীনাথ এর আগে শিলচর,হাফলং এবং শ্রীভূমি জেলায় দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন । আজ জেলার তথ্য ও জনসংযোগ কার্য্যলয়ে কর্মী ও আধিকারীকদের পক্ষ থেকে মোহিত কুমার নাথকে বিদায় সংবর্ধনা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------